রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ/১২ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৭৫-আইন/২০২১/৪৩/কাস্টমস।**—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ড এর সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ব্যবস্থা (Physical Protection System) নির্মাণ প্রকল্প, অতঃপর উক্ত প্রকল্প বলিয়া উল্লিখিত, বাস্তবায়নের লক্ষ্যে আমদানিকৃত পণ্য, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ বা পুনঃরপ্তানির শর্তে সাময়িকভাবে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ এবং অন্যান্য পণ্যের উপর আরোপণীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর, রেগুলেটরি ডিউটি (যদি থাকে), আগাম কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা :—

**শর্তসমূহ**

(১) এই প্রজ্ঞাপনের অধীন আমদানিতব্য বা রপ্তানিতব্য পণ্যের আমদানিকারক বা রপ্তানিকারক হইবে Joint-Stock Company Federal Center for Science and High Technology Special Scientific and Production Enterprise Eleron, Russia (JSC FCS & HT SSPE Eleron) বা তৎকর্তৃক নিয়োজিত প্রত্যক্ষ সাব-কন্ট্রাক্টর;



মূল্য : টাকা ৮.০০

(২) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক প্রত্যয়িত চালানওয়ারি ইনভয়েস ও প্যাকিং লিস্ট এর সাথে আমদানিকৃত পণ্য কেবল উক্ত প্রকল্পের কাজে ব্যবহৃত হইবে মর্মে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিট, আমদানি ঋণপত্র বা আমদানি পারমিট নম্বর ও তারিখ উল্লেখপূর্বক পরিশিষ্ট-১ অনুযায়ী প্রদত্ত চালানওয়ারি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

(৩) দফা (২) এ উল্লিখিত পণ্য, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত প্রকল্পের উদ্দেশ্য ব্যতীত অন্য কোনো কাজে বা উদ্দেশ্যে ব্যবহৃত হইলে আমদানিকারক কাস্টমস কর্তৃপক্ষের গৃহীত যে কোনো আইনানুগ ব্যবস্থা মানিতে বাধ্য থাকিবেন মর্মে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি অঙ্গীকারনামা আমদানিকৃত পণ্য খালাসের সময় সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে;

(৪) উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য পুনঃরপ্তানির শর্তে সাময়িকভাবে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্যের নাম ও বিবরণ সম্বলিত তালিকা প্রকল্প কর্তৃপক্ষকে আমদানির পূর্বেই সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

(৫) দফা (৪) এর অধীন সাময়িকভাবে আমদানিকৃত পণ্য, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ প্রকল্প নির্মাণ সম্পূর্ণ হইবার ৬ (ছয়) মাসের মধ্যে পুনঃরপ্তানি সম্পূর্ণ করিতে হইবে;

(৬) দফা (৪) এর অধীন সাময়িকভাবে আমদানিকৃত পণ্য, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দফা (৫) এ উল্লিখিত ৬ (ছয়) মাসের মধ্যে পুনঃরপ্তানি করিতে ব্যর্থ হইলে প্রযোজ্য সমুদয় শুল্ক ও কর পরিশোধ করা হইবে মর্মে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা এবং আমদানিকারক কর্তৃক পরিশিষ্ট-৩ অনুযায়ী একটি যৌথ অঙ্গীকারনামা পণ্য খালাসের পূর্বে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে;

(৭) এই প্রজ্ঞাপনের অধীন উক্ত প্রকল্পে ব্যবহারের লক্ষ্যে আমদানিকৃত বা পুনঃরপ্তানির লক্ষ্যে আমদানিকৃত নির্মাণ সামগ্রী ব্যতীত অন্যান্য পণ্য রেয়াতি সুবিধায় ছাড়যোগ্য হইবে না;

(৮) উক্ত প্রকল্পের নির্মাণের সহিত সরাসরি সম্পৃক্ত নহে এইরূপ কোনো পণ্য, যেমন, অফিস সরঞ্জামাদি ২ (দুই) লক্ষ British Thermal Unit (BTU) বা ইহার নিম্নের ক্ষমতার এয়ারকন্ডিশনার (কোনো যন্ত্রের সহিত built-in অবস্থায় আমদানি ব্যতীত), রেফ্রিজারেটর, লাইট ও ফিটিংস, সিডান কার, পিক-আপ, জিপ, স্টেশন ওয়াগন, মাইক্রোবাস, গৃহস্থালি দ্রব্যাদি, বাংলাদেশে উৎপাদিত ও সহজলভ্য এইরূপ কোনো নির্মাণ সামগ্রী এবং অনুরূপ অন্যান্য পণ্য এই প্রজ্ঞাপনের অধীন শুল্ক, কর অব্যাহতিযোগ্য হইবে না; এবং

(৯) এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতিপ্রাপ্ত আমদানিকৃত পণ্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুমতি ব্যতিরেকে বিক্রয়, হস্তান্তর বা অন্যভাবে নিষ্পত্তি করা যাইবে না।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

**[শর্তসমূহের দফা (২) দ্রষ্টব্য]**

**প্রত্যয়নপত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, Joint-Stock Company Federal Center for Science and High Technology Special Scientific and Production Enterprise Eleron, Russia বা তৎকর্তৃক নিয়োজিত প্রত্যক্ষ সাব-কন্ট্রাক্টর ............................ কর্তৃক ঋণপত্র/আমদানি পারমিট নং ................ , তারিখ : .................. , ইনভয়েস নং ............... , তারিখ : .......................... , বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং .................... , তারিখ : ........................ এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত যন্ত্রপাতি ও অন্যান্য পণ্য রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ব্যবস্থা নির্মাণের জন্য আমদানিকৃত এবং উহা উক্তরূপ নির্মাণকার্যে ব্যবহৃত হইবে।

তারিখ : স্বাক্ষর :

নাম :

পদবি :

সিল :

**পরিশিষ্ট-২**

**[শর্তসমূহের দফা (৩) দ্রষ্টব্য]**

**অঙ্গীকারনামা**

বরাবর

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস/স্টেশন ........................ ।

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার ও প্রত্যয়ন করিতেছি যে, ঋণপত্র/আমদানি পারমিট নং............................. , তারিখ : ..........................., ইনভয়েস নং ....................... , তারিখ : ...................... , বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং ..................., তারিখ : .................. এর মাধ্যমে আমদানিকৃত পণ্য রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ব্যবস্থা নির্মাণের সহিত সম্পর্কিত এবং উহা উক্ত নির্মাণকার্যে ব্যবহার করা হইবে। আমি/আমরা আরও অঙ্গীকার করিতেছি যে, আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্য নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ব্যবস্থা নির্মাণকার্যে ব্যবহার ব্যতীত অন্য কোনো কাজে, উদ্দেশ্যে বা স্থানে ব্যবহৃত হইলে আমি/আমরা আমদানিকালে উহার উপর প্রযোজ্য সমুদয় শুল্ক ও কর পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং উহার জন্য কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক Customs Act, 1969 এর আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে উহা মানিতে বাধ্য থাকিব।

তারিখ : 

স্বাক্ষর :

নাম :

পদবি :

সিল :

(আমদানিকারক)

**[কাস্টমস স্টেশন কর্তৃক পূরণীয়]**

অঙ্গীকারনামার ক্রমিক নং ..................../.......................খ্রিষ্টাব্দ বিল অব এন্ট্রি নং ....................., তারিখ:.........................., এ্যাসেসমেন্ট নোটিশ নং ...................., তারিখ :..........., পেমেন্ট রিসিপ্ট নং ........................, তারিখ :..................................

অঙ্গীকারনামা গ্রহণ করা হইল।

ডেপুটি/এ্যাসিসটেন্ট কমিশনার অব কাস্টমস
পক্ষে কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউজ/স্টেশন...........................
(নামীয় সীল)

**পরিশিষ্ট-৩**

**[শর্তসমূহের দফা (৬) দ্রষ্টব্য]**

**যৌথ অঙ্গীকারনামা**

বরাবর
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস/স্টেশন ...................... ।

আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ এই মর্মে অঙ্গীকার করিতেছি যে—

(ক) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ব্যবস্থা নির্মাণ প্রকল্পে ব্যবহারের জন্য আলোচ্য পণ্য আমদানিকারক/আমদানিকারকের প্রত্যক্ষ সাব-কন্ট্রাক্টর ........... কর্তৃক পুনঃরপ্তানির ভিত্তিতে সাময়িকভাবে আমদানি করা হইয়াছে। চালানটি ভেসেল- ............., পালা নং-................/ফ্লাইট নং ................./কার পাস নং-.................., তারিখ : .............এর মাধ্যমে আমদানিকৃত, যার বিল অব লেডিং নং- ..............., তারিখ : ................/এয়ারওয়ে বিল নং- ................, তারিখ : .................../ ট্রাক রিসিপ্ট নং- ..........., তারিখ : ............. এবং ইনভয়েস নং- ................., তারিখ : .................. । আমদানিকৃত চালানটি শুল্কায়নের জন্য আমদানিকারক (সেল্ফ ক্লিয়ারেন্স)/আমদানিকারক মনোনীত সিএন্ডএফ এজেন্ট......................কর্তৃক বিল অব এন্ট্রি নং ................., তারিখ : ................ নোটিং করা হইয়াছে;

(খ) আমদানিকৃত পণ্য শুধু রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ব্যবস্থা নির্মাণ প্রকল্পে ব্যবহৃত হইবে;

(গ) প্রকল্প কাজ সমাপ্ত হইবার ৬ (ছয়) মাসের মধ্যে আমদানিকৃত পণ্য পুনঃরপ্তানি সম্পন্ন করা হইবে;

(ঘ) আমদানিকৃত পণ্য জাতীয় রাজস্ব বোর্ডের পূর্বানুমতি ব্যতীত স্থানীয়ভাবে বিক্রয়, হস্তান্তর বা অন্যবিধভাবে নিষ্পত্তি করা হইবে না; এবং

(ঙ) এই অঙ্গীকারনামার কোনো শর্ত ভঙ্গ হইলে বা প্রতিপালন করিতে ব্যর্থ হইলে আমরা পণ্য চালানের উপর আমদানি পর্যায়ে প্রযোজ্য সমুদয় শুল্ক ও কর কাস্টমস কর্তৃপক্ষের নিকট পরিশোধে বাধ্য থাকিব এবং উহার জন্য কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক Customs Act, 1969 এর আওতায় গৃহীত আইনানুগ ব্যবস্থা মানিতে বাধ্য থাকিব।

| | | |
|---|---|---|
| স্বাক্ষরঃ............................ | স্বাক্ষরঃ.......................... | স্বাক্ষরঃ............................. |
| নাম :............................ | নাম :........................... | নাম :............................ |
| পদবি :............................ | পদবি :........................... | পদবি :............................ |
| সিল :............................ | সিল :........................... | সিল :.............................. |
| আমদানিকারক | প্রকল্প পরিচালক | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |

**[কাস্টমস স্টেশন কর্তৃক পূরণীয়]**

যৌথ অঙ্গীকারনামার ক্রমিক নং...................../...................খ্রিষ্টাব্দ বিল অব এন্ট্রি নং .......................,তারিখ :........................., এ্যাসেসমেন্ট নোটিশ নং ...................,তারিখঃ ................,পেমেন্ট রিসিপ্ট নং.....................,তারিখঃ....................................

অঙ্গীকারনামা গ্রহণ করা হইল।

ডেপুটি/এ্যাসিসটেন্ট কমিশনার অব কাস্টমস
পক্ষে কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস/স্টেশন............................
(নামীয় সীল)।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব),বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd